# বাদামী গাছ ফড়িং বা কারেন্ট পোকা ও তার দমন ব্যবস্থাপনা

**বাদামী গাছ ফড়িং:** বাদামী গাছ ফড়িং (Brown Plant Hopper or BPH) বা কারেন্ট পোকা ধানের একটি মারাত্মক ক্ষতিকর পোকা। বাদামী গাছফড়িং ধান গাছের গোড়ায় বসে রস শুষে খায়। ফলে গাছ পুড়ে যাওয়ার রং ধারণ করে মরে যায়। আক্রান্ত ক্ষেতে বাজ পড়ার মতো হপার বার্ন এর সৃষ্টি হয়। অধিকাংশ কৃষকের কাছে বাদামী গাছ ফড়িং "কারেন্ট পোকা" বা "গুণগুণী পোকা" নামে পরিচিত। বাদামী গাছ ফড়িং খুবই ছোট আকারের পোকা, প্রায় ৪ মিমি লম্বা ও বাদামী রঙের হয়। পূণ্য বয়স্ক স্ত্রী ফড়িং পাতার খোল, পাতা ও পাতার মধ্য শিরার ভিতরে ডিম পাড়ে। ৭-৯ দিনের মধ্যে ডিম থেকে বাচ্চা(নিম্ফ) বের হয়। বাচ্চাগুলো ৫ বার খোলস বদলায়। বাচ্চাগুলো প্রথম পর্যায়ে সাদা রঙের হয় ও পরে বাদামী রং ধারণ করে। বাচ্চা তেকে পূর্ণ বয়স্ক ফড়িংয়ে পরিণত হতে আবহাওয়া ভেদে ১৪-১৬ দিন সময় লাগে। এক জোড়া পোকা ৩-৪ প্রজন্মে প্রায় ৩৫ লক্ষ পোকার জন্ম দেয় এবং ৫০ মাইর পথ অতিক্রম করতে পারে। এই পোকা শরীরের ওজনের তুলনায় ১০-১২ গুণ বেশী খায়। বীজতলা থেকে শুরু কওে পরিপক্ক হওয়া পর্যন্ত যে কোন সময় এ পোকার আক্রমণ দেখা দিতে পারে। তবে কাইচথোড় বের হওয়ার শুরু থেকে আক্রমণ বেড়ে যায়।



বাদামী গাছ ফড়িং

**দমন ব্যবস্থাপনা:**

- জমির আইল পরিষ্কার রাখা, সঠিক দুরত্বে (সারি থেকে সারি ২০-২৫ সেমি ও গুছি থেকে গুছি ১৫-২০ সেমি) রাইনে চারা রোপন করতে হবে এবং ১০ (দশ) লাইন পরপর ০১ (এক) লাইন ফাঁকা রাখতে হবে।
- পোকা আক্রান্ত জমির পানি সরিয়ে দিয়ে ৭-৮ দিন জমি শুকনো রাখতে হবে।
- ইউরিয়া সার ধাপে ধাপে প্রয়োগ করতে হবে।
- ইাড়া পুড়িয়ে ফেলা ও আলোক ফাঁদ ব্যবহার করতে হবে।
- আক্রান্ত জমিতে ২-৩ হাত দুরে দুরে বিলি কেটে সূর্যের আলো ও বাতাস চলাচলের ব্যবস্থা করতে হবে।
- জমিতে হাঁস ও হাঁসের বাচ্চা ছেড়ে পোকা খাওয়ার ব্যবস্থা করতে হবে।
- জমির অধিকাংশ গাছ অন্তত একটি মাকড়সা দেকা দিলে কীটনাশক ব্যবহার করা উচিত নয়। কারণ মাকড়সা বাদামি গাছফড়িং খেয়ে ধ্বংস করে।
- অধিকাংশ কুশিতে ৪টি (চার) গর্ভবতী স্ত্রী পোকা এবং ৮-১০ টি বাচ্চা (নিম্ফ) পরিলক্ষিত হলে নিম্নে উল্লিখিত যে কোন একটি রাসায়নিক কীটনাশক গাছের গোড়ার দিকে ভালোভাবে ভিজিয়ে অনুমোদিত মাত্রায় স্প্রে করতে হবে।

| কীটনাশকের নাম | | প্রয়োগ মাত্রা/হেক্টর | প্রয়োগ মাত্রা/প্রতি ১০ (দশ) শতকে |
|---|---|---|---|
| জেনেরিক নাম | ব্রান্ড নাম | | |
| পাইমেট্রোজিন | কোটান ৫০ ডব্লিউজি | ৩০০ গ্রাম | |
| | পাইটাপ/প্লেনাম/হপারসেট ৫০ ডব্লিউজি | ৫০০ গ্রাম | |
| কার্টাপ | সানটাপ ৫০ এসপি | ১.২ কেজি | |
| এমআইপিসি | সপসিন/মিপসিন ৭৫ ডব্লিউপি | ১.৩ কেজি | |
| ইমিডাক্লোরোপিড | ইমিটাফ/এডমায়ার/টিডো/এডক্লোপ ২০ এসএল | ১২৫ এম এল | |
| এবামেক্টিন | সানমেক্টিন ১.৮ ইসি | ১.০ লিটার | |
| এসিফেট | এসাটাফ ৭৫ এসপি | ৭৫০ গ্রাম | |
| এসিটামিপ্রিড | প্লাটিনাম ২০ এসপি | ৫০ গ্রাম | |
| কার্বোসালফান | মার্শাল ২০ ইসি | ১.০ লিটার | |
| থায়ামেথোক্সাম | একতারা/কনফিডারে/স্পইক২৫ ডব্লিউজি | ৬০ গ্রাম | |

এছাড়া টেকোমা ৪০ এসসি, সানক্লোপিড ২০ এসএল, অটোমিডা ৭০ ডব্লিউজি, গ্লামোর ৮০ ডব্লিউজি, অপ্রোকার্ব ৭৫ ডব্লিউজি ইত্যাদি স্প্রে করা যেতে পারে।

**আক্রমণের অনুকুল পরিবেশ:**

- অধিক কুশি উৎপাদনকারী ধানের জাত চাষ।
- গরম ও আদ্র অবহাওয়া, বিশেষ করে দিন ও রাতের তাপমাত্রা ১৮-২৫ ডিগ্রী সে: ও আদ্রতা ৮০% হলে।
- জমি ছায়াযুক্ত, স্যাঁতস্যাঁতে ও পানি দাড়ানো থাকলে।
- চারা ঘন করে লাগানো হলে ও বাতাস চলাচল কম করলে।
- অধিক মাত্রায় ইউরিয়া সার ব্যবহার করলে।





বাদামি গাছ ফড়িং আক্রান্ত ক্ষেত